# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৫৩

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৯. জাহমীয়া সম্প্রদায় সম্পর্কে।

باب فِي الْجَهْمِيَّةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ نَصْرٍ، وَمُحَمَّدُ بْنُ يُونُسَ النَّسَائِيُّ، ـ الْمَعْنَى ـ قَالاَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ الْمُقْرِئُ، حَدَّثَنَا حَرْمَلَةُ، ـ يَعْنِي ابْنَ عِمْرَانَ ـ حَدَّثَنِي أَبُو يُونُسَ، سُلَيْمُ بْنُ جُبَيْرٍ مَوْلَى أَبِي هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقْرَأُ هَذِهِ الآيَةَ ‏(‏ إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الأَمَانَاتِ إِلَى أَهْلِهَا ‏)‏ إِلَى قَوْلِهِ تَعَالَى ‏(‏ سَمِيعًا بَصِيرًا ‏)‏ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَضَعُ إِبْهَامَهُ عَلَى أُذُنِهِ وَالَّتِي تَلِيهَا عَلَى عَيْنِهِ قَالَ أَبُو هُرَيْرَةَ ‏.‏ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَؤُهَا وَيَضَعُ إِصْبَعَيْهِ قَالَ ابْنُ يُونُسَ قَالَ الْمُقْرِئُ يَعْنِي ‏(‏ إِنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ‏)‏ يَعْنِي أَنَّ لِلَّهِ سَمْعًا وَبَصَرًا ‏.‏ قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا رَدٌّ عَلَى الْجَهْمِيَّةِ ‏.‏

বাংলা

৪৬৫৩. আলী ইবন নাসর (রহঃ) ..... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। একদা তিনি এ আয়াত পড়তে থাকেন এবং বলতে থাকেনঃ আল্লাহ্ তোমাদের নির্দেশ দিচ্ছেন আমানতের মাল তার মালিকের কাছে ফিরিয়ে দিতে .... কেননা, তিনি সবকিছু শোনেন এবং সবকিছু দেখেন। এ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মধ্যম আংগুল কানের উপর এবং শাহাদাত আংগুল চোখের উপর রাখেন।

আবূ হুরায়রা (রাঃ) বলেনঃ আমি দেখেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন এ আয়াত পাঠ করতেনঃ তখন তিনি তাঁর আঙ্গুল কানে ও চোখে রাখতেন। মাক্‌রী (রহঃ) বলেনঃ এ বক্তব্যটি জাহমীয়া সম্প্রদায়ের মতবাদ খণ্ডনকারী। (কেননা, তারা 'আল্লাহ্‌র শ্রবণ ও দর্শনের' অর্থ নেয়- তাঁর জ্ঞান দিয়ে।)

## English

Abu Yunus Sulaim b. Jubair, client of Abu Hurairah, said :
I heard Abu Hurairah recite this verse : “Allah doth command you to render

back your trusts to those to whom they are due” up to “For Allah is he who heareth and seeth all things”. He said : I saw the Messenger of Allah (May peace be upon him) putting his thumb on his ear and finger on his eye.

Abu Hurairah said : I saw the Messenger of Allah (May peace be upon him) reciting this verse and putting his fingers. Ibn Yunus said that al-Muqri said. “Allah hears and sees” means that Allah has the power of hearing and seeing.

Abu Dawud said: This is a refutation of the Jahmiyyah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন